

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৯১১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৫৭]

৪। সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. ফজরের সালাতের কিরাআত

باب الْقِرَاءَةِ فِي الصُّبْح

আরবী

حَدَّثَنِي أَبُو كَامِلِ الْجَحْدَرِيُّ، فُضَيْلُ بْنُ حُسَيْنٍ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ زِيَادِ بْنِ عِلاَقَةَ، عَنْ قُطْبَةَ بْنِ مَالِكِ، قَالَ صَلَّيْتُ وَصَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقَرَأً (ق وَالنَّحْلُ بَاسِقَاتٍ) قَالَ فَجَعَلْتُ أُرَدِّدُهَا وَلاَ أَدْرِي مَا قَالَ.

বাংলা

৯১১-(১৬৫/৪৫৭) আবৃ কামিল আল জাহদারী, ফুযায়ল ইবনু হুসায়ন (রহঃ) কুতবাহ ইবনু মালিক (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি সালাত আদায় করেছি এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের সালাত আদায় করিয়েছেন। তিনি "কাফ, ওয়াল কুরআ-নিল মাজীদ" অর্থাৎ- "কাফ, সম্মানিত কুরআনের শপথ"- (সূরাহ কাফ ৫০ঃ ১) পাঠ করলেন। তিনি "ওয়ান নাখলা বা-সিকা-তিন" অর্থাৎ- "লম্বমান খর্জুর বৃক্ষ..."— (সূরাহ কাফ ৫০ঃ ১০) পর্যন্ত পাঠ করলেন। রাবী বলেন, আমিও তা পাঠ করলাম কিন্তু এর তাৎপর্য বুঝতে পারলাম না। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৯০৬, ইসলামিক সেন্টারঃ ৯১৮)

English

Qutba b. Malik reported:

I said prayer and the Messenger of Allah (ﷺ) led it and he recited" Qaf. (I.). By the Glorious Qur'an," till he recited" and the tall palm trees" (I. 10). I wanted to repeat it but I could not follow its significance.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ কুত্ববাহ ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন